২০১৬ সিটিভিত্তিক হাই স্কুল মেলায় স্বাগতম

২৪ ও ২৫ সেপ্টেম্বর **সকাল ১০টা – অপরাহ্ণ ৩টা**

ফ্লোর ডিরেক্টরি: স্কুল ও বিভিন্ন সহায়সঙ্গতি খুঁজে নিন

- আপনি যেসব স্কুল সম্পর্কে জানতে আগ্রহী, সেগুলোর অবস্থান জানতে ডিরেক্টরি ব্যবহার করুন।
- প্রতিটি ফ্লোরে অক্ষর অনুযায়ী স্কুলগুলো ধারাবাহিকভাবে সাজানো থাকে।
- উপর থেকে শুরু করুন! সকল এলিভেটর বিরতিহীনভাবে ৭ম তলায় উঠে যায়। নিচের ফ্লোরগুলো দেখতে সিড়ি দিয়ে হেঁটে নামুন।
- সীমিত চলাচলক্ষমদের পরিবারের জন্য একটি এলিভেটর রয়েছে। এটি সকল ফ্লোরে থামবে।

প্রতিটি ফ্লোরে যা আছে:

বাথরুম

তথ্য

দোভাষ পরিষেবা: যেসব পরিবারের ভাষাগত সহায়তা প্রয়োজন, তাদের জন্য এখানে নিম্নলিখিত ভাষাভাষী স্টাফ রয়েছেন: আরবি, বাংলা, চায়নিজ, ফ্রেঞ্চ, হেইশিয়ান ক্রেওল, কোরিয়ান, রাশিয়ান, স্পানিশ, উর্দু।

তলা	স্কুল ও সহায়সঙ্গী	
7	ব্রুকলিনের স্কুলসমূহ	
6	কুইন্সের স্কুলসমূহ (স্কুলের আদ্যাক্ষর A–L)	
5	কুইন্সের স্কুলসমূহ (স্কুলের আদ্যাক্ষর M–Z)	স্ট্যাটেন আইল্যান্ডের স্কুলসমূহ
4	ব্রংক্সের স্কুলসমূহ	
3	ম্যানহাটানের স্কুলসমূহ (স্কুলের আদ্যাক্ষর A–L)	
2	ম্যানহাটানের স্কুলসমূহ (স্কুলের আদ্যাক্ষর M–Z)	
1	**কেন্দ্রীয় হল** অডিটরিয়াম সরঞ্জাম দোভাষ পরিষেবা **মিলনস্থল:** সেলফোন সার্ভিস সীমিত – পরিবার ও গ্রুপ থেকে বিচ্ছিন্ন হয়ে গেলে এখানে সাক্ষাৎ করুন।	**জিম** স্পেশালাইজড হাই স্কুলসমূহ

ফ্যামেলি ওয়ার্কশপ: হাই স্কুলে ভর্তি সম্পর্কে আরো জানুন

কর্মশালাগুলো হবে প্রথম তলায় অডিটরিয়ামে। সেন্টার হল দিয়ে প্রবেশ করুন।

হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার পরিচয় আপনার সন্তানের চাহিদা পূরণ করে এমন উপযুক্ত এনওয়াইসি হাই স্কুলগুলি কীভাবে খুঁজে নিতে হবে সেটি জানুন এবং আপনার হাই স্কুল আবেদনপত্র প্রস্তুতের গুরুত্বপূর্ণ তথ্য লাভ করুন।	**সকাল ১০:১৫–১১:১৫** **দুপুর ১২টা–১টা**
আর্টস স্কুল ও কর্মসূচিগুলোর জন্য অডিশন আর্টস হাই স্কুল ও ড্যান্স, মিউজিক, থিয়েটার, ভিস্যুয়াল আর্টস, এবং ফিল্ম/মিডিয়া কর্মসূচিসমূহের অনন্য অডিশন পোর্টফোলিও প্রক্রিয়া সম্পর্কে জানুন।	**অপরাহ্ণ ১:৩০–২:৩০**

NYC Department of Education

Bill de Blasio
Mayor

Carmen Fariña
Chancellor

বরো হাই স্কুল মেলাসমূহ: আপনার বরোর হাই স্কুল সম্পর্কে জানুন

শনিবার, ১৫ অক্টোবর ও রবিবার, ১৬ অক্টোবর
সকাল ১১–অপরাহ্ণ৩টা

বরো	ঠিকানা
ব্রংক্স	DeWitt Clinton Educational Campus 100 West Mosholu Parkway, 10468
ব্রুকলিন	Sunset Park High School 153 35th Street, 11232
ম্যানহ্যাটন	Martin Luther King, Jr. Educational Campus 122 Amsterdam Avenue, 10023
কুইন্স	Francis Lewis High School 58-20 Utopia Parkway, 11365
স্ট্যাটেন আইল্যান্ড	Port Richmond High School 85 St. Josephs Avenue, 10302

যোগাযোগ রক্ষা করুন

- ওয়েবসাইট schools.nyc.gov/high দেখুন, সেখানে গুরুত্বপূর্ণ তারিখ ও হাই স্কুল তথ্য অধিবেশনের সময়সূচি ও ওপেন হাউসের কর্মসূচি জানতে পারবেন।
- হাই স্কুলের হালনাগাদ ইমেইল ঠিকানার জন্য সাইন আপ করুন: schools.nyc.gov/subscribe.
- হাই স্কুলে আবেদনের শেষ তারিখ ১ ডিসেম্বর, ২০১৬, চিহ্নিত করে রাখুন।

২০১৭ এনওয়াইসি হাই স্কুল নির্দেশিকার আপডেটসমূহ

নির্দেশিকার সর্ব সাম্প্রতিক সংস্করণ এবং ভর্তির অন্যান্য রিসোর্সসমূহের জন্য,

অনুগ্রহপূর্বক হাই স্কুল ভর্তির রিসোর্স পেজ পরিদর্শন করুন: schools.nyc.gov/ChoicesEnrollment/High/Resources

প্রবেশযোগ্যতার আপডেট তথ্য – প্রিন্টকৃত *২০১৭ সালের নিউ ইয়র্ক সিটি হাই স্কুল ডিরেক্টরির* তথ্য ম্যানহ্যাটন এবং কুইন্স- এর জন্য সঠিক নয়; যে স্কুলগুলো প্রবেশযোগ্য এবং যেগুলো নয় সেগুলি উল্টে দেয়া হয়েছে। অনুগ্রহ করে প্রবেশযোগ্যতার হালনাগাদ তালিকা দেখুন। প্রবেশযোগ্যতার আরও তথ্য পাওয়া যাবে: schools.nyc.gov/Offices/OSP/Accessibility সাইটে।

পরিবহন আপডেট – *২০১৭ নিউ ইয়র্ক সিটি হাই স্কুল নির্দেশিকা* প্রিন্ট হওয়ার সময় থেকে MTA এবং DOE কর্তৃক পরিবহন সম্পর্কিত তথ্য পরিমার্জিত হয়েছে - ডিজিট্যাল সংস্করণে সর্বশেষ হালনাগাদকৃত বাস তথ্য দেখতে পরিদর্শন করুন: **schools.nyc.gov/ChoicesEnrollment/High/Resources.**

ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার কর্মসূচিতে যোগ্যতার আপডেট – নতুন এদেশে আগতদের জন্য স্কুলসমূহে যে যোগ্যতার শর্ত সেগুলিতে বর্তমান স্কোরিং গাইডলাইনের ভাষা প্রতিফলিত করে হালনাগাদ করা হয়েছে।

এইসব কর্মসূচির জন্য যোগ্য শিক্ষার্থীরা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন গাইডলাইনের স্কোর অনুযায়ী এনওয়াইএসইএসএলএটি, এনওয়াইআইটিইএলএল, অথবা ল্যাব-আর-এর **এন্টারিং, ইমারজিং, অথবা ট্র্যানজিশনিং স্তরে** রয়েছে।

বাড়তি আপডেট

পৃষ্ঠা	**সেকশন - স্কুল পৃষ্ঠা**	**শুদ্ধকরণ**
p. 19	অডিশনের জন্য প্রস্তুতি!	হাই স্কুল অভ ফ্যাশন ইন্ডাস্ট্রিজের জন্য প্রোগ্রাম কোড: আর্টস, ইলাস্ট্রেশন এবং গ্রাফিকস্ হবে M68J
p. 79	ব্রংক্স – ক্রোটোনা অ্যাকাডেমি হাই স্কুল	স্কুলের ডিবিএন: 12X321 (জেনে রাখুন: স্কুল স্থান পরিবর্তন করেছে এবং এখন ডিস্ট্রিক্ট ১২-তে অবস্থিত)
p. 169	ব্রুকলিন – অ্যাকাডেমি অভ হসপিটালিটি অ্যান্ড ট্যুরিজম্	ইমেইল:: smiller18@schools.nyc.gov ওয়েবসাইট: www.aohterasmus.org সাধারণ ৯ম গ্রেডের সময়সূচি: সকাল ৮টা – অপরাহ্ণ ২:২০মি.
p. 212	ব্রুকলিন – ডিজিট্যাল আর্টস্ অ্যান্ড সিনেমা টেকনোলজি হাই স্কুল	Website: www.digitaltechhs.com
p. 224	ব্রুকলিন – এফডিএনওয়াই – হাই স্কুল ফর ফায়ার অ্যান্ড লাইফ সেফটি	নিউ স্কুল এবং কর্মসূচির নাম: এফডিএনওয়াই – ক্যাপ্টেন ভারনন এ. রিচার্ডস হাই স্কুল ফর ফায়ার অ্যান্ড লাইফ সেফটি
p. 296	ব্রুকলিন – সেকেন্ডারি স্কুল ফর ল	নিউ স্কুল এবং কর্মসূচির নাম: জন জে স্কুল ফর ল
p. 363	ম্যানহ্যাটন – হেনরি স্ট্রিট স্কুল ফর ইন্টারন্যাশনাল স্টাডিজ	নিউ স্কুল এবং কর্মসূচির নাম: অ্যাসটর কলিজিয়েট অ্যাকাডেমি ইমেইল: mdoyle9@schools.nyc.gov গ্রেড পরিসর: ৯- ১২ ভাষা কোর্সেস: স্প্যানিশ এপি কোর্সেস: ইউএস হিস্ট্রি স্কুল স্পোর্টস: রেসলিং, সকার, বক্সিং
p. 378	ম্যানহ্যাটন – হাই স্কুল অভ ফ্যাশন ইন্ডাস্ট্রিজ	ভাষা কোর্সেস: স্প্যানিশ
p. 480	কুইন্স - এনার্জি টেক হাই স্কুল	১০ম গ্রেডে আসন প্রদান করা হয়: হ্যাঁ – নতুন কর্মসূচি
p. 563	কুইন্স – ইয়াং উইমেন্স লিডারশিপ স্কুল, কুইন্স	ইমেইল: VBurdier@twylsqueens.org ওয়েবসাইট: www.tywlsqueens.org

স্পেশালাইজড হাই স্কুল: ২০১৬ সালের পরীক্ষা ও অডিশন সম্পর্কিত তথ্য

৮ সেপ্টেম্বর–১৩ সেপ্টেম্বর, ২০১৬
এসএইচএসএটি এবং লাগোয়ার্ডিয়া হাই স্কুলে অডিশনের জন্য গাইডেন্স কাউন্সিলরের কাছে রেজিস্টার করুন

১৯ অক্টোবর, ২০১৬
পরী ও অডিশনের টিকেট পাওয়ার সময়।

পরীক্ষার তারিখ* পরীক্ষা কোথায় হবে জানতে হলে ১১ নং পৃষ্ঠায় দেখুন ২০১৭ স্পেশালাইজড হাই স্কুলস স্টুডেন্ট হ্যান্ডবুক		**অডিশনের তারিখ** অডিশনের বিস্তারিত সময়সূচির জন্য ১২ নং পৃষ্ঠা দেখুন ২০১৭ স্পেশালাইজড হাই স্কুলস স্টুডেন্ট হ্যান্ডবুক
স্পেশালাইজড হাই স্কুল অ্যাডমিশন টেস্ট • সকল বর্তমান অষ্টম গ্রেডের শিক্ষার্থীদের জন্য শনিবার অক্টোবর 22 রবিবার অক্টোবর 23	**স্পেশালাইজড হাই স্কুল অ্যাডমিশন টেস্ট** • সকল বর্তমান নবম গ্রেডের শিক্ষার্থীদের জন্য • অষ্টম এবং নবম গ্রেডের শিক্ষার্থী যারা ইংরেজি ভাষা শিক্ষার্থী অথবা প্রতিবন্ধী শিক্ষার্থী যাদের ব্যক্তিক শিক্ষা কর্মসূচি(আইইপি) অথবা অনুমোদিত 504 পরিকল্পনা রয়েছে। • মেক-আপ টেস্ট-এর অনুরোধ রবিবার অক্টোবর 30 শনিবার নভেম্বর 5	**লাগোয়ার্ডিয়া হাই স্কুলের অডিশন** 100 Amsterdam Avenue, New York, NY 10023 • অডিশনের প্রথম দিন: শনিবার, ২৯ অক্টোবর • অডিশনের শেষ দিন: শনিবার, ৩ ডিসেম্বর আপনার স্কুলটি কোথায় অবস্থিত, তারিখগুলো বরো অনুযায়ী এবং শেষ নামের আদ্যাক্ষরক্রম অনুযায়ী সূচিভুক্ত হয়, আপনার বর্তমান বাড়ি ঠিকানা অনুযায়ী নয়।

*সাতটি স্কুল অষ্টম গ্রেডের শিক্ষার্থীদের জন্য স্কুল দিবসে এসএইচএসএটি নির্বাচিত হয়েছে। আপনার সন্তানের ক্ষেত্রে সেটা প্রযোজ্য হবে কিনা, সেটা স্কুলের প্রিন্সিপ্যালের কাছে জিজ্ঞেস করুন।

প্রস্তুতি!

অনুশীলনী পরীক্ষা ও অডিশনের তথ্য পাওয়া যাবে ২০১৭ স্পেশালাইজড হাই স্কুলস স্টুডেন্ট হ্যান্ডবুক।

স্মারক

- সেপ্টেম্বরে আপনার গাইডেন্স কাউন্সিলরকে বলুন যে, আপনি এসএইচএসএটি বা লাগুয়ার্ডিয়া হাই হাই স্কুলেল অডিশনের জন্য রেজিস্টার করতে আগ্রহী।
- আপনার পরীক্ষা/অডিশনের সময় ও স্থান পরীক্ষা বা অডিশনের টিকেটে যাচাই করে দেখুন।
- এসএইচএসএটি পরীক্ষার টিকেটে আপনার পছন্দক্রম অনুযায়ী আটটি এসএইচএসএটি স্কুল তালিকাভুক্ত করুন এবং পরবর্তিতে পরীক্ষার দিন উত্তরপত্রে একই তালিকা লিখুন।
- এসএইচএসএটি পরীক্ষা বা লাগুয়ার্ডিয়া হাই স্কুলের জন্য অডিশন দেওয়ার অর্থ হলো আপনি সেগুলোতে ভর্তির আবেদন করেছেন।
- আরামদায়ক পোশাক পরবেন এবং পানি ও হাল্কা খাবার সঙ্গে নেবেন।
- প্রযোজ্য ক্ষেত্রে পরীক্ষার সময় বিশেষ সুবিধা ব্যবস্থার কথা উল্লেখ করা আছে!

আমাদের (718) 935-2399 **নম্বরে ফোন করুন অথবা আমাদের ওয়েবসাইট :** schools.nyc.gov/shs **দেখুন।**

স্পেশালাইজড হাই স্কুল: ২০১৬ হেমন্তের ওপেন হাউসের তারিখসমূহ

কীভাবে ভর্তির বিষয় নিরূপিত হয়	স্পেশালাইজড হাই স্কুল	ঠিকানা	তারিখ	সময়
স্পেশালাইজড হাই স্কুল অ্যাডমিশন টেস্ট (এসএইচএসএটি)	**ব্রংক্স হাই স্কুল অভ সায়েন্স** www.bxscience.edu	75 West 205 Street Bronx, NY 10468	বৃহস্পতিবার ২০ অক্টোবর সাইন-আপ করুন www.bxscience.edu	বিকাল ৫-৭টা
	ব্রুকলিন ল্যাটিন স্কুল www.brooklynlatin.org	223 Graham Avenue, Brooklyn, NY 11206	বুধবার, ১৯ অক্টোবর সাইন আপ করতে হবে না	বিকাল ৫-৭টা
	Brooklyn Technical High School www.bths.edu	29 Fort Greene Place Brooklyn, NY 11217	সোমবার 17 মার্চ সাইন আপ করতে হবে না	সন্ধ্যা ৬-৮:৩০
	হাই স্কুল ফর ম্যাথাম্যাটিক্স, সায়েন্স এবং এঞ্জিনিয়ারিং অ্যাট সিটি কলেজ অভ নিউ ইয়র্ক www.hsmse.org	Great Hall, The City College of New York 240 Convent Avenue New York, NY 10031	মঙ্গলবার ১৮ অক্টোবর সাইন আপ করতে হবে না	বিকাল ৫-৮টা
	হাই স্কুল অভ আমেরিকান স্টাডিজ অ্যাট লেহম্যান কলেজ www.hsas-lehman.org	Lehman College Performing Arts Ctr. 2925 Goulden Avenue Bronx, NY 10468	বৃহস্পতিবার, ১৩ অক্টোবর সাইন আপ করতে হবে না	বিকাল ৫:৩০-৭:৩০
	কুইন্স হাই স্কুল ফর সায়েন্স অ্যাট ইয়র্ক কলেজ www.qhss.org	York College Center for the Performing Arts 94-20 Guy R Brewer Blvd Jamaica, NY 11451	মঙ্গলবার, ১১ অক্টোবর সাইন আপ করতে হবে না	বিকাল ৫-৭টা
	স্ট্যাটেন আইল্যান্ড টেকনিকেল হাই স্কুল www.siths.org	485 Clawson Street Staten Island, NY 10306	বৃহস্পতিবার, ৬ অক্টোবর সাইন আপ করতে হবে না	সন্ধ্যা ৬-৮টা
	স্টাইভেসান্ট হাই স্কুল www.stuy.edu	345 Chambers Street New York, NY 10007	বুধবার, ৫ অক্টোবর সাইন আপ করতে হবে না	বিকাল ৫-৮টা
অডিশন: ড্যান্স, ড্রামা, ইন্সট্রুমেন্টাল মিউজিক, ফাইন আর্টস, টেকনিকেল থিয়েটার, ভোকাল মিউজিক	**ফিওরেলো এইচ. লাগোর্ডিয়া হাই স্কুল অভ মিউজিক অ্যান্ড আর্ট অ্যান্ড পারফর্মিং আর্টস** www.laguardiahs.org	100 Amsterdam Avenue New York, NY 10023	সোমবার, ২৪ অক্টোবর সাইন আপ করতে হবে না	সন্ধ্যা ৬-৮টা

চারু ও ললিত কলা উচ্চ বিদ্যালয়সমূহ: আপনার অডিশন/কলার পোর্টফোলিও প্রস্তুতি

কলা ক্ষেত্রে আগ্রহী নিউ ইয়র্ক সিটি শিক্ষার্থীদের মধ্যে শিল্পবোধের সহজাত ক্ষমতার বিকাশ করতে উদ্দীষ্ট উচ্চ বিদ্যালয়গুলো থেকে বেছে নেওয়ার জন্য শ্রেণি রয়েছে। এই বিদ্যালয়গুলোতে প্রবেশাধিকার পেতে আপনার শিক্ষাগত কুশলতা প্রদর্শনের পাশাপাশি আপনাকে অবশ্যই অডিশন এবং/বা পোর্টফোলিওর মাধ্যমে শক্তিশালী শৈল্পিক দক্ষতাগুলো তুলে ধরতে হবে।

চারু কলা অডিশনের জন্য কী ভাবে প্রস্তুতি নেবেন

কোনও চারু কলা প্রোগ্রামে আবেদন করার সময় আপনাকে আপনার দক্ষতা এবং আপনার অঙ্গীকার চারটি অবধি উপায়ে প্রদর্শন করতে বলা হতে পারে: আপনার কাজের পোর্টফোলিওর মাধ্যমে, কোনও প্রবন্ধের মতো লিখিত উপায়ে, অনুরোধ ক্রমে কোনো নতুন শিল্প কর্মের সম্পূর্ণতায় এবং/অথবা কোনো সাক্ষাৎকারের মাধ্যমে।

1 পোর্টফোলিও

চারু কলার পোর্টফোলিও হল চারু কলার অডিশনের একটি গুরুত্বপূর্ণ অংশ। সুবিবেচনাপূর্ণ ভাবে তৈরি একটি পোর্টফোলিও উচ্চ বিদ্যালয়ের স্তরের কাজের জন্য আপনার নৈপুণ্য এবং সম্ভাবনাগুলি তুলে ধরে। এটি আপনার সর্বোত্তম প্রয়াস প্রদর্শন করার একটি সুযোগ। বিদ্যালয় নিরিখে তাদের প্রয়োজনীয়তা সামান্য পৃথক হতে পারে। সম্পূর্ণ তথ্যের জন্য স্কুলের ওয়েবসাইটটি দেখুন। নিম্নলিখিত নির্দেশিকাগুলো আপনাকে একটি প্রতিযোগিতামূলক পোর্টফোলিও সংগৃহীত করতে সহায়তা করবে।

উপস্থাপনা: আপনি একটি মজবুত, উচ্চ-গুণমানের পোর্টফোলিও কেস ব্যবহার করে আপনার কাজ সুরক্ষিত করতে এবং সু প্রভাব তৈরি করতে পারেন। পরিচ্ছন্ন এবং আকর্ষণীয় উপস্থাপনা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি পর্যালোচনা কমিটির কাছে আপনি আপনার কাজের প্রতি যত্নবান এবং আপনি এর জন্য গর্বিত এই বার্তাটি পৌঁছে দেয়।

আপনার খণ্ডগুলো যা হওয়া উচিত:

পরিষ্কার, নিখুঁত এবং সঠিক অবস্থায়

ফ্রেমবিহীন

পিছনের দিকে নিম্নলিখিতগুলো সহ লেবেলযুক্ত থাকা উচিত:

- ✓ আপনার নাম
- ✓ বিদ্যালয়ের নাম
- ✓ শিরোনাম
- ✓ কাজের তারিখ
- ✓ হয় "পর্যবেক্ষণের অধীনে" অথবা "পর্যবেক্ষণ ছাড়াই"

শিল্পকর্মের সংখ্যা এবং ধরণ এটি স্কুল বিশেষে পৃথক হতে পারে, কিছু প্রোগ্রামে ছয়টি কাজ চাওয়া হতে পারে এবং অন্যান্য ক্ষেত্রে 10-20 এর মধ্যে কোনো অনুরোধ করতে পারে। কিছু বিদ্যালয় *কেবল* দ্বিমাত্রিক কাজ চায় এবং কিছু আপনাকে ত্রিমাত্রিক কাজের ফটোগ্রাফগুলো অন্তর্ভুক্ত করার অনুমতি দেয়। ত্রিমাত্রিক কাজের ডিজিটাল/ফটোগ্রাফগুলো জমা দেওয়ার সময় প্রতিটি লেবেলযুক্ত করুন এবং সেগুলো উপস্থাপনার স্লিভগুলোতে বা অন্য কোনও পরিচ্ছন্ন প্যাকেটে রাখুন।

বিষয়বস্তু: আপনি আপনার পোর্টফোলিও সংগৃহীত করার সময় আপনার সর্বোত্তম প্রয়াসকে উপস্থাপনা করে বলে মনে করেন এমন কাজগুলো মনোযোগ সহকারে নির্বাচন করুন। ("স্বল্পই অধিক" হল এক দুর্দান্ত পরামর্শ!) নিম্নলিখিতগুলো বিবেচনা করুন:

বর্তমান শিল্পকলা নির্বাচন করুন (7ম বা 8ম গ্রেডে সম্পূর্ণ করা কাজ)

স্কুলগুলো স্কেচবই দেখতে পছন্দ করে

কোনো বিখ্যাত শিল্পীর শৈলী অনুসরণে তৈরি কোনো কাজ, বিখ্যাত কাজের নকল বা ফটোগ্রাফগুলো থেকে নকল করা কাজ অন্তর্ভুক্ত করবেন না।

বেশির ভাগ কাজ পর্যবেক্ষণ থেকে করা উচিত তবে আপনি কল্পনা বা স্মৃতি থেকে করা কিছু কাজ অন্তর্ভুক্ত করতে পারেন

কার্টুনিং ন্যূনতমতে সীমাবদ্ধ থাকা উচিত ***(পোর্টফোলিও: বিষয়বস্তুর বিবেচনাগুলো পরের পৃষ্ঠায় চলছে)***

NYC Department of Education
Carmen Fariña, Chancellor

ললিত কলা উচ্চ বিদ্যালয়সমূহ: আপনার অডিশন/কলার পোর্টফোলিও প্রস্তুতি

নির্বাচনগুলোর আপনার ডিজাইনের রচনার এবং নীতিগুলোর অনুধাবনকে প্রতিফলিত করা উচিত:

- ✓ ঐক্য
- ✓ ভারসাম্য
- ✓ পুনরাবৃত্তি
- ✓ বৈচিত্র্য
- ✓ জোর দেওয়া
- ✓ অনুপাত
- ✓ ছন্দ
- ✓ ফিগার-গ্রাউন্ড সম্পর্ক
- ✓ স্কেল

আপনি কোনো ধারণার গভীর অনুসন্ধান প্রদর্শন করতে থিম্যাটিক কাজগুলো নির্বাচন করতে পারেন **অথবা** আপনি আগ্রহের বিষয়ের ব্যাপ্তি প্রদর্শন করতে বিবিধ বিষয় অন্তর্ভুক্ত করতে পারেন

আপনি বিবিধ সরঞ্জাম, উপাদান এবং কৌশলগুলো ব্যবহার করে আপনার দক্ষতা প্রদর্শন করতে বিবিধ মাধ্যম (যেমন অঙ্কন, পেন্টিং, প্রিন্ট তৈরি, মিডিয়া প্রযুক্তি ইত্যাদি) ব্যবহার করে খণ্ডগুলো তৈরি করা বেছে নিতে পারেন

আপনি যে উচ্চ বিদ্যালয়ে আবেদন করতে চান সেখানকার নির্দিষ্ট পোর্টফোলিওর প্রয়োজনীয়তাগুলো পর্যালোচনা করুন ডিরেক্টরি এবং স্কুলের ওয়েবসাইট

2 লিখিত উপাদান

কিছু বিদ্যালয়ের কোনো নিবন্ধ লেখার বা তারা কেন নির্দিষ্ট বিদ্যালয়ে ভর্তি হতে চায় সে সম্পর্কে প্রশ্নমালার উত্তর দেওয়ার প্রয়োজন হতে পারে। আপনাকে দুটি শিল্প কর্ম তুলনা করতেও বলা হতে পারে। বিদ্যালয়গুলো আপনার লেখার বিষয়বস্তু দেখবে পাশাপাশি পাণ্ডিত্যের পরিমাপ
করবে। আপনি পরীক্ষায় জমা দেওয়ার জন্য যেমনটি লেখেন এ ক্ষেত্রেও তেমনি আপনার
অডিশনের লিখিত উপাদান নিম্নলিখিত হওয়া উচিত:

- সু সংগঠিত
- সঠিক বাক্য গঠন, বানান, যতি চিহ্ন এবং অনুচ্ছেদ প্রদর্শন
- প্রশ্নগুলোর উত্তর দান

লেখা অনুচ্ছেদটি চারু কলা অধ্যয়নে আপনার অঙ্গীকার এবং বিদ্যালয়ে যোগদানে আপনার আগ্রহ প্রকাশের একটি উপায় হিসাবে উদ্দীষ্ট।

3 অনুরোধ ক্রমে নতুন শিল্পকলা সম্পন্ন করা

অনেক বিদ্যালয় আপনাকে "পরীক্ষাস্থলে" একটি বা দুটি শিল্প কলার নমুনা তৈরি করতে বলবে। শিল্প কলাগুলোর সর্বাধিক প্রচলিত উদাহরণ হল
পর্যবেক্ষণের মাধ্যমে কোনো ফিগার বা নিষ্প্রাণ বিষয় অঙ্কন, যদিও আপনাকে স্মৃতি থেকেও কোনো বিষয় আঁকতে বলা হতে পারে। কাজটি সাধারণ ভাবে 8.5" x 11" কাগজে করা হয়। সাথে একটি আঁকার পেনসিল এবং ইরেজার রাখুন। পরীক্ষকরা অডিশনে প্রদত্ত মাপদণ্ডের মধ্যে অ্যাসাইনমেন্টটিতে কল্পনামূলক এবং সৃজনাত্মক আঙ্গিকটি খুঁজবেন।

4 সাক্ষাৎকার

বিদ্যালয়গুলো তাদের প্রবেশিকার প্রক্রিয়ায় সাক্ষাৎকারগুলো অন্তর্ভুক্ত করতে পারে। প্রশ্নগুলো এবং পদ্ধতিগুলো বিদ্যালয় বিশেষে পৃথক হলেও মনে রাখবেন:

- ভারসাম্য রক্ষা এবং উপস্থিতি বিবেচ্য হয়
- মনোভাব গুরুত্বপূর্ণ; শিক্ষকদের এবং অন্যান্য শিক্ষার্থীদের সম্মান প্রদর্শন করুন
- চারু কলার প্রতি আপনার অঙ্গীকার প্রদর্শন করুন
- আপনাকে যে প্রশ্নগুলো করা হয় তা মনোযোগ দিয়ে শুনুন এবং সেগুলো প্রত্যক্ষ ভাবে সম্বোধন করে এমন উত্তরগুলো দেওয়ার চেষ্টা করুন। সম্ভাব্য প্রশ্নগুলো:
    - আপনি কেন এই বিদ্যালয়ের জন্য অডিশন বেছে নিয়েছেন?
    - আপনার পোর্টফোলিওতে কী অন্তর্ভুক্ত করতে হবে তা আপনি কী ভাবে স্থির করলেন?
    - আপনি সম্প্রতি কোন শিল্প যাদুঘর বা প্রদর্শনশালা দেখেছেন?
    - আপনার এখান থেকে পাওয়া শিল্প শিক্ষাকে আপনি ভবিষ্যতে কী ভাবে ব্যবহারের পরিকল্পনা করেন?

সাক্ষাৎকারের সর্বাধিক সম্ভাব্যরূপ হবে কথোপকথনের আকারে। আপনাকে আপনার প্রেক্ষাপট, অভিজ্ঞতা, জ্ঞান এবং চারু কলায় আগ্রহ সম্পর্কে জিজ্ঞাসা করা হবে। এটি বন্ধুত্বপূর্ণ কথোপকথনের মাধ্যমে করা হবে; সাক্ষাৎকারকারীরা আপনাকে স্বাচ্ছন্দ্য বোধ করাতে চান।

NYC Department of Education
Carmen Fariña, Chancellor

ললিত কলা উচ্চ বিদ্যালয়সমূহ: আপনার অডিশন/কলার পোর্টফোলিও প্রস্তুতি

নাট্য/অভিনীত নাটকের অডিশনের জন্য কী ভাবে প্রস্তুতি নেবেন

প্রয়োজনীয়তাসমূহ বিভিন্ন বিদ্যালয়ের বিবিধ অডিশনের প্রয়োজনীয়তা রয়েছে – নির্দিষ্ট প্রয়োজনীয়তাগুলোর জন্য আপনার উচ্চ বিদ্যালয়ের ডিরেক্টরি দেখুন। সাধারণ ভাবে, শিক্ষার্থীদের নিম্নলিখিতগুলির মধ্যে যে কোনো একটি করার প্রয়োজন হতে পারে:

দুটি প্রস্তুত নাটক আবৃত্তি করা। দুটি নাটক শৈলীতে পৃথক হওয়া উচিত (যেমন একটি মিলনান্তক এবং একটি নাটকীয়) ও নিম্নলিখিত প্রয়োজনীয়তাগুলো পূরণ করা উচিত:

- সমস্ত নাটক প্রকাশিত হওয়া উচিত। শিক্ষার্থীর মূল লেখা বা ইন্টারনেট থেকে পাওয়া নাট্য রচনা উপযুক্ত নয়।
- সমস্ত নাটকের সময় দৈর্ঘ 1-2 মিনিট হওয়া উচিত।
- নাটকের চরিত্রগুলো বয়স অনুসারে উপযুক্ত হওয়া উচিত।
- সাধারণ ভাবে, শেক্সপিয়রের মতো ধ্রুপদী নাটক বা পদ্য ছন্দকে অনুৎসাহিত করা হয় যদি না শিক্ষার্থীরা জটিল ভাষা ব্যবহার করে
  প্রকৃত রূপটি ফুটিয়ে তুলতে পারে।

শিক্ষার্থীদের গোষ্ঠীবদ্ধ ভাবে সহযোগী হিসাবে এবং তাৎক্ষণিক ভাবে সৃজনশীল ক্ষমতার অডিশনগ্রহণকারীদের বিচার করতে থিয়েটার গেমস বা তাৎক্ষণিক সম্পাদনায় অংশ নিন।

সাধারণ ভাবে কোনো থিয়েটার প্রোগ্রামে অংশ নেওয়ার বা বিশেষ ভাবে বিদ্যালয়ে যোগ দেওয়ার কারণগুলি মৌখিক ভাবে উত্তর দিন। শিক্ষার্থীরা এই নির্দিষ্ট বিদ্যালয়ে অঙ্গীকারবদ্ধ কিনা বা কোনো থিয়েটার প্রোগ্রামের চাহিদা সম্পর্কে অডিশনগ্রহণকারীরা জানতে চাইবেন।

কোনো ব্রডওয়ে শো থেকে একটি মিউজিক্যাল সিলেকশন গান (কেবলমাত্র সঙ্গীতপূর্ণ নাটকের অনুষ্ঠানে আবেদনকারী শিক্ষার্থীদের জন্য)। সঙ্গীতপূর্ণ নাটকের অডিশনের প্রয়োজনীয়তাগুলি সম্পর্কে স্বতন্ত্র বিদ্যালয়গুলোতে দেখুন।

নোট: বিদ্যালয়গুলো শিক্ষার্থীদের তাদের নাটকগুলো দ্বিতীয় বার উপস্থাপনা করতে ডাকতে পারে। আদর্শগত ভাবে "পুনরায়" অডিশনের জন্য কোনো অতিরিক্ত প্রস্তুতির প্রয়োজন নেই।

নাটকের যোগ্যতামান: যে নির্দিষ্ট যোগ্যতামানের ভিত্তিতে শিক্ষার্থীদের মূল্যায়ন করা হয় তা বিদ্যালয় নির্বিশেষে পৃথক হয়। তবে অডিশনগ্রহণকারীরা নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলো খুঁজতে পারেন:

- ✓ নাটকের বোধগম্যতা
- ✓ চরিত্রায়ণ
- ✓ স্পষ্ট উচ্চারণ
- ✓ কমিউনিকেশনের স্পষ্টতা
- ✓ কোনো সাজ পোশাক বা কিছু অবলম্বন নয়

একটি নাটকের প্রস্তুতি: অডিশনের নাটকগুলো বিবিধ প্রিন্ট এবং প্রকাশিত উৎসগুলো থেকে উপলব্ধ। অনুগ্রহ করে নিম্নলিখিত সুপারিশগুলো বিবেচনা করে দেখুন:

আপনি একটি স্বাধীন নাটক নির্বাচন করতে পারেন বা কোনও নাটক থেকে একটি নিয়ে আপনার উদ্দেশ্য অনুসারে সম্পাদনা করে নিতে পারেন। যদি আপনি কোনো নাটক থেকে নির্বাচন করেন তবে যে নাটকটি থেকে নেওয়া হয়েছে সেটি সম্পর্কে অনুগ্রহ করে অবগত থাকুন। আপনার গোটা নাটকটি পড়া এবং আপনার অভিনয় করা চরিত্রটি সম্পর্কে পরিচিত হওয়া উচিত।

নীচে কয়েকটি প্রকাশিত নাটকের বই দেওয়া হল, এগুলো বিবেচনা করে দেখতে পারেন। এই বইগুলো অনলাইনে বা Drama Bookshop, 250 W 40th St., New York, NY 10018-এ উপলব্ধ: (212) 944-0595। লিঙ্কন সেন্টারের ললিত কলা গ্রন্থাগারটিও নাটকের বইগুলোর একটি ভাল উৎস।

- *অডিশন মনোলগস ফর স্টুডেন্ট অ্যাকটরস: সিলেকশনস ফ্রম কনটেম্পোরারি প্লে* বাই রজার এলিস
- *রেড লাইকোরাইস: মনোলগস ফর ইয়ং পিপল* বাই ক্যারোল টিপপিট
- *মনোলগস ফর ইয়ং অ্যাক্টরস* বাই লোরাইনে কোহেন
- *100 গ্রেট মনোলগস: এ ভার্সাটাইল কালেকশন অফ মনোলগস, ডুয়োলগস অ্যান্ড ট্রাইলগস ফর স্টুডেন্ট অ্যাকটরস* বাই রেবেকা ইয়ং
- *মাল্টিপ্লিসিটি: এ কালেকশন অফ মনোলগস ফর স্টুডেন্ট পারফরম্যান্স* বাই রি. জেমস স্কট অ্যান্ড বিয়াঙ্কা কোয়ান

শিক্ষার্থীদের উপরিউক্ত যোগ্যতামানগুলির জন্য নাটকের উপস্থাপনায় প্রশিক্ষিত হওয়া উচিত। যদি আপনার বিদ্যালয়েই থিয়েটারের শিক্ষক থেকে থাকেন তবে আপনার প্রস্তুতির জন্য সহায়তা চান। ইংরাজির শিক্ষকও সহায়তা করতে সক্ষম হতে পারেন।

অডিশনে শিক্ষার্থীদের তাদের নাম, নির্বাচন করা নাটক এবং নাটক প্রণেতার নাম ঘোষণা করতে প্রস্তুত হওয়া উচিত। উদাহরণস্বরূপ: "আমার নাম _____ । আমি ফ্রান্সেস গুডরিচ এবং অ্যালবার্ট হ্যাকেটের *দ্য ডায়েরি অফ অ্যানি ফ্রাঙ্ক* থেকে অ্যানির নাটকগুলোর একটি উপস্থাপন করতে চলেছি।"

NYC Department of Education
Carmen Fariña, Chancellor

পারফর্মিং আর্টের হাই স্কুল:আপনার অডিশন/আর্ট পোর্টফোলিও বিষয়ে

সঙ্গীতের অডিশনের জন্য কী ভাবে প্রস্তুতি নেবেন

আপনার অডিশনের রিপোর্টারি নির্বাচন এবং অনুশীলন

- অডিশনের পর্যাপ্ত আগে আপনার রিপোর্টারি বেছে রাখুন।
- একব ইনস্ট্রুমেন্ট বা ভয়েসের জন্য বিশেষ ভাবে লিখিত সঙ্গীত নির্বাচন করুন (এমন সঙ্গীত নয় যার জন্য আপনার ইনস্ট্রুমেন্ট বা স্বরের অংশ অন্যান্য ইনস্ট্রুমেন্ট বা স্বরে ঐক্য সরবরাহ করে)।
- আপনার দক্ষতাকে হাইলাইট করে এমন সঙ্গীত নির্বাচন করুন। একটি জটিল নির্বাচন ভালো ভাবে অভিনয় করা বা গান করা আপনার দক্ষতাকে তুলে ধরতে পারে। তবে তুলনামূলক সহজ নির্বাচন অভিনয় করা বা সাঙ্গীতিক দক্ষতা ও ভাল ভাবে একটানা সুরে আবৃত্তিও সমান ছাপ রেখে যায়।
- অনুশীলনের সময় ধীরে, বর্ণনামূলক অংশগুলোর মনোযোগ সহকারে প্রস্তুতি নিন কারণ আপনাকে কৌশল গত ভাবে চ্যালেঞ্জমূলক অংশগুলোতে স্বর ওঠাতে হবে।
- আপনার দুর্বল অংশটি পৃথক করুন ও অনুশীলন করুন। আপনার অংশটির সমস্ত বিভাগ যাতে সমান দক্ষতার সাথে সম্পাদিত হয় তাই আপনার দক্ষতা অর্জনে সময় ব্যয় করুন।
- স্বর মাত্রা এবং ছন্দের ক্ষেত্রে সহায়তা করতে আপনার অনুশীলনের প্রথম দিকের পর্যায়গুলো চলাকালীন একটি টিউনার এবং একটি মেট্রোনোম ব্যবহার করুন।
- কোনো দর্শকের সামনে আপনার অডিশন রিপোর্টারি সম্পাদনার অনুশীলন করুন। তাদের আপনার সম্পাদিত অংশ এবং সামগ্রিক উপস্থাপনার সমালোচনা করতে বলুন।
- প্রতিদিন

স্বরভিত্তিক অডিশন

- স্মৃতি থেকে কম পক্ষে বৈপরীত্য বৈশিষ্ট্যসূচক দুটি অংশ প্রস্তুত করুন। তবে আপনাকে কোনো দ্বিতীয় নির্বাচন গাইতে নাও বলা হতে পারে।
- সম্ভব হলে বিদেশী ভাষায় একটি গান প্রস্তুত করে রাখুন।
- কোনো মিউজিক্যাল থিয়েটারের প্রযোজনাগুলো, আমেরিকান ট্র্যাডিশনগুলো, বিশ্ব-লোক ট্র্যাডিশনগুলো বা কলার গানের সংগ্রহগুলো থেকে গানগুলো বেছে রাখুন। খেয়াল রাখবেন, বেশির ভাগ বিদ্যালয় অডিশনের জন্য R&B, রক এবং র‍্যাপ নির্বাচন সম্পাদনা করাকে অনুৎসাহিত করে। প্রতিটি বিদ্যালয়ের পছন্দগুলো খুঁটিয়ে দেখুন।
- ন্যায়নির্ণায়ক সরবরাহিত স্বর মাত্রাগুলো, প্রতিধ্বনির ছন্দগুলো এবং মেলোডিগুলোর সাথে মেলানোর জন্য প্রস্তুত থাকুন।
- স্বরের ব্যাপ্তি এবং প্লেসমেন্ট প্রদর্শন করতে (উর্ধ্বক্রমে বা অর্ধ্বক্রমে দ্রুত বাজানো, লিপ, রান ইত্যাদি) প্রস্তুত হন।

ইনস্ট্রুমেন্টাল অডিশন

- শেষ অবধি বাজাতে পারা যাবে এমন একটি অংশের প্রস্তুতি নিন।
- বিপরীত বৈশিষ্ট্যসূচক বা লয়ের একটি দ্বিতীয় নির্বাচন বাজানোর প্রস্তুতি নিয়ে রাখুন। তবে আপনাকে কোনো দ্বিতীয় নির্বাচন বাজাতে নাও বলা হতে পারে।
- একটি সংক্ষিপ্ত সাঙ্গীতিক অনুচ্ছেদ (4-8 মেজার) পড়ার জন্য প্রস্তুত থাকুন।
- কমপক্ষে একটি স্কেল প্লে করতে প্রস্তুত থাকুন এবং স্মৃতি থেকে সমস্ত প্রয়োজনীয় স্কেল জেনে রাখুন। তবে আপনার প্রস্তুত করা অডিশন নির্বাচন(গুলো) বাজানোর সময় পৃষ্ঠায় লেখা সঙ্গীত স্বীকৃতিযোগ্য।

আপনার রিপোর্টারি নির্বাচন করার জন্য সংস্থানসমূহ

- রিপোর্টারি নির্বাচনের সময় সহায়তার জন্য আপনার সঙ্গীতের শিক্ষককে বলুন।
- নিউ ইয়র্ক স্টেট স্কুল মিউজিক অ্যাসোসিয়েশন ম্যানুয়াল, এডিশন 31। শিক্ষকদের এবং আয়োজকদের জন্য একটি পেশাদার সংস্থান, এই বইটিতে সমস্ত প্রকারের স্বরের প্রকার এবং ইনস্ট্রুমেন্টের জন্য রিপোর্টারির গ্রেডযুক্ত তালিকাগুলো সমন্বিত। এটি কয়েকটি লাইব্রেরিতে উপলব্ধ বা www.nyssma.org থেকে $55 দিয়ে কিনতে পারা যেতে পারে।
- আপনি নিম্নলিখিত স্টোরগুলোতে আপনার রিপোর্টারির জন্য কাগজের লেখা সঙ্গীত কিনতে পারবেন: স্যাম অ্যাশ মিউজিক, দ্য গিটার সেন্টার স্টোর্স, মিউজিক টাইম (অন লাইন), জে. ডাক্ল. পিপার (অন লাইন), ক্যাটালানো মিউজিক (লং আইল্যান্ড)।

অডিশনের সাধারণ পরামর্শ

- ✓ যদি আপনি মাঝপথে ভুলও করে ফেলেন তবুও চালিয়ে যান। হতাশ হবেন না। বিচারক আপনার সম্ভাবনা নির্ধারণের জন্য সবচেয়ে বেশি আগ্রহী।
- ✓ যদি বিচারক আপনাকে আপনার করা কোনো অংশটি অন্য ভাবে করতে বলেন তবে তার আবশ্যিক অর্থ আপনি এটি ভুল ভাবে বাজিয়েছেন বা গেয়েছেন নয়। সম্ভবত আপনি প্রতিক্রিয়া পেতে এবং/অথবা সংশোধন করে নেওয়ার ক্ষেত্রে কতটা ক্ষিপ্র তা তিনি দেখতে চেয়েছেন।

NYC Department of Education
Carmen Fariña, Chancellor

পারফর্মিং আর্টের হাই স্কুল:আপনার অডিশন/আর্ট পোর্টফোলিও বিষয়ে

নাচের অডিশনের জন্য কী ভাবে প্রস্তুতি নেবেন

প্রয়োজনীয়তাসমূহ: বিভিন্ন বিদ্যালয়ের বিবিধ অডিশনের প্রয়োজনীয়তা রয়েছে – নির্দিষ্ট প্রয়োজনীয়তাগুলোর জন্য আপনার উচ্চ বিদ্যালয়ের ডিরেক্টরি দেখুন। সাধারণ ভাবে, শিক্ষার্থীদের নিম্নলিখিতগুলির মধ্যে যে কোনো একটি করার প্রয়োজন হতে পারে:

নাচের ক্লাসে অংশ নিন। নাচের ক্লাসগুলোতে সাধারণ ভাবে ব্যালে এবং আধুনিক নাচের ধারাগুলোর একটি সংমিশ্রণ থাকে যদিও কয়েকটি বিদ্যালয়ের প্রতিটি শৈলীর জন্য পৃথক ক্লাসের প্রয়োজন হতে পারে। কয়েকটি বিদ্যালয়ের ক্লাসে জাজ বা তাৎক্ষণিক উদ্ভাবনের মতো অন্য কোনো ধরণের নাচেও অংশ নেওয়ার প্রয়োজন হতে পারে।

একটি একক নাচের অনুষ্ঠান করুন।

- একক অনুষ্ঠানের শিক্ষার্থীর সর্বোত্তম নাচ এবং পারফরম্যান্সের ক্ষমতাগুলো প্রদর্শন করে।
- শিক্ষার্থীদের মূল কোরিওগ্রাফির একটি একক অংশের প্রস্তুতি নেওয়া উচিত, যদিও কয়েকটি বিদ্যালয় শিক্ষার্থী ব্যতীত অন্য কারও দ্বারা কোরিওগ্রাফ করা অংশগুলোরও অনুমোদন দেয়।
- ব্যালে বা আধুনিক নাচ যদি শিক্ষার্থীর প্রাথমিক প্রশিক্ষণের বিষয় হয় তবে (যেমন জাজ, আফ্রিকান বা ভারতীয় ধ্রুপদী নাচ) একক নাচগুলো অন্য শৈলীর হতে পারে।
- বিদ্যালয়গুলোর একক নাচগুলোর 1 থেকে 3 মিনিটের সময়কালের যে কোনো সময়ের প্রয়োজন হতে পারে।
- কয়েকটি বিদ্যালয়ে সমস্ত শিক্ষার্থীর তাদের একক অংশ সম্পাদন করার সুযোগ থাকে। অন্যান্য বিদ্যালয়গুলোতে যে শিক্ষার্থীদের কৌশলের ক্লাসের পরে ডেকে পাঠানো হয় তারাই একক নাচের অনুষ্ঠান করবে।

একটি লেখার অডিশন সম্পাদন করা। কিছু বিদ্যালয়ের শিক্ষার্থীরা কেন বিদ্যালয়ে যোগ দিতে চায় বা তাদের নাচ সংক্রান্ত জ্ঞানের প্রসার নির্ধারণ করতে পরীক্ষা নেওয়ার প্রয়োজন হতে পারে।

নাচের যোগ্যতামান: যে নির্দিষ্ট উপায়ে শিক্ষার্থীদের মূল্যায়ন করা হয় তা বিদ্যালয় নির্বিশেষে পৃথক হয়। তবে নিম্নলিখিত মাপদণ্ডটি মনে রাখুন:

ভারসাম্য রাখা এবং উপস্থিতি, যা পরিপাট্য এবং মনোযোগিতার মাধ্যমে দেখানো হয়েছে।
মনোভাব: শ্রেণিকক্ষে যথোপযুক্ত আচরণ, শিক্ষার্থী এবং সহপাঠীদের সম্মান প্রদর্শন, নাচের প্রতি অঙ্গীকারবদ্ধতার ধারণা এবং শেখার আকাঙ্ক্ষা
প্রযুক্তিগত ক্ষমতা: নাচের কৌশলে প্রদর্শিত সাফল্য অর্জন এবং নতুন ভঙ্গির তথ্য শিখে নেওয়া, মৌখিক এবং প্রদর্শিত সংশোধনগুলো গ্রহণ এবং পরীক্ষাস্থলে সম্পাদনার পরিমার্জনা
দেহের বিন্যাস: প্রাথমিক শারীরসংস্থানবিদ্যা সম্বন্ধীয় জ্ঞান
সঙ্গীতময়তা এবং ছন্দ
তাৎক্ষণিক উদ্ভাবনে এবং শিক্ষার্থীর একক কোরিওগ্রাফিতে যেমনটি দেখানো আছে তেমন সৃজনশীলতা
সম্পাদনার দক্ষতাসমূহ: দর্শকের সাথে যোগাযোগ করার ক্ষমতা
নাচ সম্পর্কে সাধারণ অনুধাবন, যা সঞ্চালন এবং/অথবা মৌখিক বা লিখিত আকারে প্রদর্শিত

পোশাক: শিক্ষার্থীদের ব্যালে এবং আধুনিক নাচের কাজের জন্য যথোপযুক্ত নাচের পোশাকে সজ্জিত হয়ে আসা উচিত: ফুটলেস টাইটস, লেওটার্ড, সফট ব্যালে স্লিপার (নির্দিষ্ট ভাবে বলে দেওয়া না হলে ছুঁচালো জুতো পরবেন না)। অন্যান্য সুপারিশগুলো:

ভরাট রঙ পরুন – কোনো বর্ণাঢ্য অ্যাপ্লিক বা নকশা পরবেন না। পেট ও বুকের মাঝের অংশ উন্মুক্ত থাকা কোনো পোশাক পরবেন না।
ব্যাগি শার্ট বা ব্যাগি প্যান্ট পরবেন না।
চুল যদি লম্বা হয় তবে পরিচ্ছন্ন ভাবে মুখের উপর থেকে টেনে বেঁধে খোঁপা বা পনিটেল করা উচিত বা ছোট হলে পরিচ্ছন্ন ভাবে আঁচড়ানো থাকা উচিত। এটি ছেলে এবং মেয়েদের ক্ষেত্রে সমান ভাবে প্রযোজ্য।

আপনার অডিশনে যা মনে করে আনবেন

- ✓ আপনার অডিশনে টিকিট
- ✓ আপনার নাচের পোশাক এবং জুতো
- ✓ একটি পেন/পেনসিল
- ✓ আপনার একক অনুষ্ঠানের জন্য টেপ বা সিডি
- ✓ হালকা জলখাবার এবং জল

NYC Department of Education
Carmen Fariña, Chancellor

Department of Education
Carmen Fariña, Chancellor

প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী পরিবারের জন্য হাই স্কুলে ভর্তি

প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীরা প্রতিবন্ধী নয় এমন সহপাঠীদের মত একই ভাবে হাই স্কুলে ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করে। ৮ম গ্রেডের শিক্ষার্থী যাদের ইনডিভিজুয়াল এডুকেশন প্রোগ্রাম (IEP) টিম ডিস্ট্রিক্ট স্কুলের আওতায় বিশেষ শিক্ষা পরিষেবা দেওয়ার সুপারিশসহ আইইপি প্রণয়ন করে তারা ডিসেম্বরে বাৎসরিক হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার সময়ে আবেদনপত্র জমা দেয়। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীরা নিউ ইয়র্ক সিটি হাই স্কুল ডিরেক্টরি-তে তালিকাভুক্ত সকল কর্মসূচিতে আবেদন করতে পারে। ডিরেক্টরিতে প্রত্যেক স্কুলের ভর্তির শর্ত দেওয়া আছে, যা সকল শিক্ষার্থীর জন্য প্রযোজ্য। হাই স্কুল ভর্তি প্রক্রিয়া সম্পর্কে আরো তথ্য www.nyc.gov/schools/ChoicesEnrollment/High ঠিকানায় এবং বিশেষ শিক্ষা কর্মসূচি ও পরিষেবা সম্পর্কে তথ্য www.nyc.gov/schools/Academics/SpecialEducation/programs ঠিকানায় পাওয়া যাবে।

হাই স্কুলে আবেদন

প্রতিবন্ধী শিক্ষার্থীরা যেকোন হাই স্কুলে আবেদন করতে পারে এবং মানানসই শিক্ষার্থীদের জন্য সব হাই স্কুল শিক্ষার্থীদের চাহিদা পূরণে বিশেষ শিক্ষা সহায়তা ও পরিষেবা প্রদান করবে এমন প্রত্যাশা করা হয়। হাই স্কুল আবেদনপত্রে শিক্ষার্থীদের বর্তমান সুপারিশকৃত বিশেষ শিক্ষা নির্দেশনা কর্মসূচি ও সহায়তা পরিষেবা, বিগত বছরের উপস্থিতির উপাত্ত, রিডিং ও অঙ্কে প্রমিত পরীক্ষার নম্বর এবং বিষয়গুলোর গ্রেড সম্পর্কিত তথ্য দেওয়া থাকে। শিক্ষার্থী ও পরিবারবর্গ গাইড্যান্স কাউন্সেলরের সাথে মিলিত হয়ে, নিউ ইয়র্ক সিটি হাই স্কুল ডিরেক্টরি অথবা এনওয়াইসিডিওই প্রদত্ত অন্যান্য উপকরণ পর্যালোচনা করে, এবং হাই স্কুলে ভর্তির অনুষ্ঠান ও কর্মশালা এবং স্কুলের তথ্য অধিবেশনগুলিতে হাজির হয়ে প্রতিটি হাই স্কুলের কর্মসূচি ও পরিষেবা সম্পর্কে আরো তথ্য লাভ করতে পারেন।

টেস্ট-অথবা অডিশন-ভিত্তিক স্কুলসমূহ (বিশেষায়িত হাই স্কুলসেহ)

প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের যারা টেস্ট এবং/অথবা অডিশনের শর্তযুক্ত স্কুলগুলিতে আবেদনে আগ্রহী তারা তাদের আইইপি সুপারিশকৃত কিছু পরীক্ষা সুবিধা লাভ করতে পারে, যতক্ষণ অবধি সুবিধাগুলি টেস্ট বা অডিশনের পরিমাপ লক্ষ্যকে প্রভাবিত না করে। ভর্তির শর্ত এবং টেস্ট ও অডিশনের তারিখ জানতে নিউ ইয়র্ক সিটি হাই স্কুল ডিরেক্টরি পড়ুন এবং বিশেষ সুবিধার ব্যবস্থার জন্য http://schools.nyc.gov/Academics/SpecialEducation/Classroom/instruction/accommodations.htm ওয়েবসাইট দেখুন।

স্পেশালাইজড হাই স্কুলগুলির একটিতে আবেদনে আগ্রহী শিক্ষার্থীদের অবশ্যই স্পেশালাইজড হাই স্কুলস অ্যাডমিশন্স টেস্ট (SHSAT) দিতে হবে এবং, যদি তাদের আইইপিতে উল্লেখ থাকে, তাহলে পরীক্ষায় পরীক্ষা সুবিধা পেতে পারে। পারফর্মিং/ভিসুয়াল আর্টসের বিশেষায়িত হাই স্কুল ফিওরেল্লো এইচ. লাগোয়ার্ডিয়া হাই স্কুল অভ মিউজিক অ্যান্ড আর্ট অ্যান্ড পারফর্মিং আর্টস-এ আবেদনের জন্য শিক্ষার্থীদের অবশ্যই স্কুলের অডিশন প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে হবে তবে এসএইচএসএটি দিতে হবে না। টেস্ট বা অডিশনের পরিমাপ লক্ষ্যকে পরিবর্তন করে এমন সুবিধা দেওয়া হয় না। শিক্ষার্থী ও তাদের পরিবার সদস্যদের স্পেশালাইজড হাই স্কুলগুলির ভর্তি প্রক্রিয়া এবং সম্পর্কিত পরীক্ষায় বিশেষ সুবিধার ব্যবস্থার ব্যাপারে আরো জানার জন্য স্পেশালাইজড হাই স্কুলস স্টুডেন্ট হ্যান্ডবুক পর্যালোচনা করা উচিত।

ডিস্ট্রিক্ট স্কুলগুলিতে বিশেষ শিক্ষার বিশেষায়িত কর্মসূচি

বিশেষ শিক্ষার বিশেষায়িত কর্মসূচিগুলি অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার (ASD), বুদ্ধি প্রতিবন্ধিতাযুক্ত এবং বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশনের জন্য সুপারিশকৃত শিক্ষার্থীদের লক্ষ্য-নির্দিষ্ট পরিষেবা ও সহায়তা দিয়ে থাকে। বিশেষায়িত কর্মসূচিগুলি সকল স্কুলে নেই, তাই শিক্ষার্থীদের অবশ্যই সুনির্দিষ্ট যোগ্যতার শর্তাবলি পূরণ করতে হবে। সুতরাং, বিশেষায়িত কর্মসূচিতে রয়েছে বা হাই স্কুলের জন্য কোনটিতে প্রবেশ করছে এমন শিক্ষার্থীদের নিয়মিত হাই স্কুল অ্যাপ্লিকেশন পূরণ করার জন্য তাদের গাইড্যান্স কাউন্সেলরের সাথে কাজ করা উচিত যাতে আইইপি টিম শিক্ষার্থীর চাহিদা সবচেয়ে ভালভাবে পূরণ করার লক্ষ্যে যে কর্মসূচিটি তৈরি করেছে সেটি যেসব ডিস্ট্রিক্ট স্কুলে রয়েছে সেগুলিতে আবেদন করা নিশ্চিত করা হয়। শিক্ষার্থীরা বিশেষায়িত কর্মসূচি এবং একটি ডিস্ট্রিক্ট হাই স্কুলের প্রস্তাব দুটিই পেতে পারে। এসব ক্ষেত্রে শিক্ষার্থী ও পরিবারগুলিকে শিক্ষার্থীর অ্যাকাডেমিক ও ব্যক্তিগত লক্ষ্য সবচেয়ে ভালভাবে পূরণকারী কর্মসূচিটি বেছে নেওয়ার ব্যাপারে সচেতন বিবেচনা আবশ্যক। বিশেষায়িত কর্মসূচিগুলো সম্পর্কে আরো তথ্য নিচে দেখুন। আবেদন প্রক্রিয়া সম্পর্কে জানতে আপনি আরো যেতে পারেন http://schools.nyc.gov/Academics/SpecialEducation/enrolling/specializedprograms/default.htm ওয়েবসাইটে অথবা যোগাযোগ করতে পারেন specializedprograms@schools.nyc.gov এর সাথে।

- **এএসডি নেস্ট ও এএসডি হরাইজন** কর্মসূচিগুলি কোনো কোনো ডিস্ট্রিক্ট স্কুলে দেওয়া হয়ে থাকে, যার অন্তর্ভুক্ত একটি থেরাপিউটিক অংশ, যা একটি মাল্টাই-ডিসিপ্লিনারি টিম পরিচালনা করে।

- **অ্যাকাডেমিক্স, কেরিয়ার, এসেনশিয়াল স্কিলস প্রোগ্রাম ফর স্টুডেন্ট উইথ ইনটেকলেকচুয়াল ডিসঅ্যাবিলিটিস** (ACES-ID) কোনো কোনো ডিস্ট্রিক্ট স্কুলে সেসব শিক্ষার্থীকে প্রদান করা হয় যাদের "বুদ্ধি প্রতিবন্ধিতা" আছে বলে আইইপি টিম সাব্যস্ত করেছে এবং নিউ ইয়র্ক স্টেট অল্টারনেট অ্যাসেসমেন্ট (NYSAA)-এ অংশগ্রহণ করে।

- বাইলিঙ্গুয়াল বিশেষ শিক্ষা কর্মসূচি সেসব শিক্ষার্থীকে দেওয়া হয় যাদের আইইপিতে নতুন ইংরেজি ভাষা শিখছে এমন শিক্ষার্থীদের চাহিদা পূরণের জন্য ইংরেজি ব্যতীত অপর একটি ভাষায় বিশেষ শিক্ষা সহায়তা ও পরিষেবা প্রদান করার সুপারিশ করা হয়েছে। বর্তমানে, বাইলিঙ্গুয়াল বিশেষ শিক্ষা কর্মসূচি স্পানিশ, চায়নিজ ও ইদ্দিশ ভাষায় দেওয়া হয়।

আরও তথ্যের জন্য ফোন করুন (718) 935-2399 অথবা আমাদের ওয়েবসাইট দেখুন: www.nyc.gov/schools/ChoicesEnrollment/High

শেষ হালনাগদ: ২০১৬ মে
T&I-24490 Special Education Handout (Bengali)

Department of Education
Carmen Fariña, Chancellor

প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী পরিবারের জন্য হাই স্কুলে ভর্তি

চলাচলে সমস্যাযুক্ত শিক্ষার্থীদের জন্য কার্যকরভাবে অভিগম্য স্কুল অথবা কর্মসূচি

চলাচলে সমস্যা আছে এমন শিক্ষার্থীরা যেন তাদের স্কুলের আবশ্যক এলাকাগুলোয় প্রবেশ ও চলাফেরা করতে পারে তা নিশ্চিত করার জন্য পূর্ণ ও আংশিক অভিগম্য ভবন রয়েছে। অভিগম্য স্কুলের তালিকা অফিস অভ স্পেস প্ল্যানিং-এর ওয়েবসাইটে দেখা যাবে http://schools.nyc.gov/Offices/OSP/Accessibility.htm। সাইটে অভিগম্যতা বর্ণিত হয়েছে Directory of NYC Public High Schools-এ। শিক্ষার্থী ও পরিবারবর্গকে সুনির্দিষ্ট চলাচল চাহিদার জন্য অভিগম্যতার স্তর যথাযথ কিনা নিরূপণে স্কুল পরিদর্শনে উৎসাহিত করা হয়।

বিশেষায়িত স্কুলসমূহে শিক্ষার্থী (ডিস্ট্রিক্ট ৭৫)

নিউ ইয়র্ক সিটিতে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য বিশেষায়িত স্কুলগুলির ব্যবস্থাপনা করে ডিস্ট্রিক্ট ৭৫। হাই স্কুলে উত্তরণ হলো একটি সময় যখন পরিবারসহ অনেক আইইপি টিম ডিস্ট্রিক্ট স্কুলের অপেক্ষাকৃত সর্বজনীন কর্মসূচিতে উত্তরণের কথা বিবেচনা করে থাকে। ডিস্ট্রিক্ট ৭৫ স্কুলগুলি সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে দেখুন www.nyc.gov/schools/Offices/District75 অথবা ইমেইল করুন d75info@schools.nyc.gov।

- **ডিস্ট্রিক্ট হাই স্কুলে উত্তরণ:** ডিস্ট্রিক্ট ৭৫-এর বর্তমান ৮ম গ্রেডের শিক্ষার্থী যারা ডিস্ট্রিক্ট হাই স্কুলে উত্তরণের জন্য প্রস্তুতি গ্রহণ করছে তারা হাই স্কুল ভর্তিতে অংশগ্রহণ করে। এই উত্তরণ ৮ম গ্রেডের বার্ষিক পর্যালোচনা বৈঠকে আলোচনা ও পরিকল্পনা করতে হবে। শিক্ষার্থী ও পরিবারগুলিকে তাদের ডিস্ট্রিক্ট হাই স্কুল পছন্দ ও বিকল্প সম্পর্কে আরো তথ্য লাভে তাদের গাইড্যান্স কাউন্সেলরদের সাথে কাজ করা এবং হাই স্কুল মেলায় অংশগ্রহণ করার জন্য উৎসাহিত করা হয়ে থাকে।

- **হাই স্কুলের জন্য ডিস্ট্রিক্ট ৭৫- এ থেকে যাওয়া:** বর্তমান ৮ম গ্রেডের শিক্ষার্থী যারা একটি বিশেষায়িত ডিস্ট্রিক্ট ৭৫ স্কুলে উত্তরণ করবে তারা ডিস্ট্রিক্ট ৭৫ প্লেসমেন্ট অফিসের মাধ্যমে আসনলাভ করবে। শিক্ষার্থীদের এপ্রিল ও মে মাসে হাই স্কুল বরাদ্দ জানান হবে। বর্তমান ৮ম গ্রেডের শিক্ষার্থী যাদের একজন ডিস্ট্রিক্ট ৭৫ প্রোভাইডার প্রদত্ত এসইটিএসএস লাভ করার সুপারিশ আছে তারা একটি বিশেষায়িত ডিস্ট্রিক্ট ৭৫ হাই স্কুলে উত্তরিত হবে এবং ডিস্ট্রিক্ট ৭৫-এর সরাসরি ব্যবস্থাধীন অ্যাপ্লিকেশন ও প্লেসমেন্ট প্রক্রিয়ায় অংশগ্রহণ করবে। আবেদনপত্র সরাসরি শিক্ষার্থীদের দেওয়া হয় এবং সেগুলো ডিসেম্বরে জমা দিতে হয়। শিক্ষার্থীদের এপ্রিল ও মে মাসে ডিস্ট্রিক্ট ৭৫ প্লেসমেন্ট অফিস হাই স্কুল বরাদ্দ অবহিত করবে।।

হাই স্কুলে বিশেষ শিক্ষা পরিষেবা ও সহায়তা

যখন শিক্ষার্থীরা হাই স্কুলে উত্তরিত হয়, তখন তাদের আইইপিতে উল্লিখিত বিশেষ শিক্ষা পরিষেবা, সহায়তা ও নির্দেশনা কৌশলগুলি প্রতিটি বিষয়ে এবং/অথবা ব্যবহারিক ক্ষেত্রে তাদের চাহিদা, এবং স্কুলগুলির নির্দেশনা রীতি ও অ্যাকাডেমিক কর্মসূচির নিরিখে নানা উপায়ে প্রদান করা হয়। আরো তথ্যের জন্য অনুগ্রহ করে Family Guide to Special Education ওয়েবসাইট দেখুন।

অ্যাকাডেমিক পরিকল্পনা ও মাধ্যমিক-উত্তর লক্ষ্যসমূহ

শিক্ষার্থী ও পরিবারবর্গকে মাধ্যমিক-উত্তর লক্ষ্যসমূহ নিয়ে চিন্তা এবং হাই স্কুল পরবর্তী জীবনের কৌশলগত পরিকল্পনার করার উদ্দেশ্যে স্কুলের সহায়তা কর্মীদের সাথে সম্পৃক্ত হওয়ার জন্য উৎসাহিত করা হয়। সাধারণত, এসব আলোচনা মিডল স্কুলের পুরো সময় জুড়ে হয়ে থাকে কেননা শিক্ষার্থীদের ৮ম গ্রেডের আইইপিতে বাধ্যতামূলকভাবে মাধ্যমিক-উত্তর লক্ষ্যসমূহ উল্লেখ করতে হয়। কোন অ্যাকাডেমিক কর্মসূচি, মূল্যায়ন (আদর্শ বনাম বিকল্প) এবং গ্র্যাজুয়েশনের পথ শিক্ষার্থীকে উক্ত লক্ষ্যগুলি অর্জনে সবচেয়ে ভালভাবে সহায়তা করবে বিবেচনা করার উদ্দেশ্যে শিক্ষার্থী, পরিবার এবং স্কুল কর্মচারীদের মিলিতভাবে কাজ করা উচিত। শিক্ষার্থীদের আইইপিতে নির্দিষ্ট গ্র্যাজুয়েশনের শর্ত পূরণে বিশেষভাবে পরিকল্পিত নির্দেশনা, সহায়তা, লক্ষ্য এবং মাধ্যমিক-উত্তর উদ্দেশ্যসমূহ প্রতিফলিত হওয়া উচিত।

গ্র্যাজুয়েশনের শর্তাবলি

নিউ ইয়র্ক সিটিতে শিক্ষার্থীদের হাই স্কুল গ্রাজুয়েট করার জন্য নির্দিষ্ট বিষয়সমূহে অবশ্যই ন্যূনতম ৪৪ ক্রেডিট অর্জন এবং নিউ ইয়র্ক স্টেট রিজেন্টস পরীক্ষায় পাস করতে হয়। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরকে তাদের আগ্রহ ও লক্ষ্যসমূহের ভিত্তিতে যথোপযুক্ত সবচেয়ে কঠোর ডিপ্লোমা বিকল্প বেছে নিতে উৎসাহিত করা হয়। প্রতিবন্ধিতাযুক্ত যোগ্য শিক্ষার্থীরা ডিপ্লোমা ছাড়াও আনুষ্ঠানিক শংসাপত্র অথবা স্বতন্ত্র শংসাপত্র লাভ করতে পারে। এসব সার্টিফিকেট ডিপ্লোমার সমতুল নয় তবে শিক্ষার্থীদেরকে প্রাথমিক স্তরের কাজে প্রবেশের জন্য তাদের প্রস্তুতির প্রমাণ দেয়। গ্রাজুয়েশনের শর্তাবলি সম্পর্কে আরো তথ্যের জন্য http://www.nyc.gov/schools/RulesPolicies/GraduationRequirements ওয়েবসাইট দেখুন এবং আপনার সন্তানের গাইডেন্স কাউন্সেলরের সাথে কথা বলুন। গ্র্যাজুয়েশনের শর্তাবলি কার্ড হলো পরিবারগুলির জন্য সকল শর্ত জানার দ্রুততম উপায়।

মিডল স্কুলে ট্র্যাকে থাকুন

হাই স্কুল পরিকল্পনা

গুরুত্বপূর্ণ অনুষ্ঠান, ডেডলাইন, ও রিসোর্স সম্পর্কে হালনাগাদ থাকতে আপনার সন্তানের স্কুলে জিজ্ঞেস করুন অথবা অনলাইনে খোঁজ নিন।

পাঠদান কর্মসূচি

আপনার সন্তানকে তার বর্তমান পাঠদান কর্মসূচি তাকে কীভাবে হাই স্কুলের জন্য প্রস্তুত করছে আলোচনার করার জন্য আপনার সন্তানের স্কুলের পিতামাতা/শিক্ষক অনুষ্ঠানগুলিতে অংশগ্রহণ করুন।

আপনার সন্তানের অগ্রগতি নিয়ে আপনার সন্তানের শিক্ষকের সাথে নিয়মিত আলোচনা অব্যাহত রাখুন।

ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আইইপি) প্রণয়ন

আপনার সন্তানের আইইপি টিমের সাথে মিলিত হন এবং আপনার সন্তানের বার্ষিক আইইপি বৈঠকে অংশগ্রহণ করুন। আপনার সন্তানের শক্তি, আগ্রহ, চাহিদা, এবং ভবিষ্যতের লক্ষ্যসমূহ নিয়ে আপনার অনন্য ধারণা শেয়অর করুন।

আরো তথ্যের জন্য:

যোগাযোগ:
আপনার সন্তানের গাইডেন্স কাউন্সেলর:
ফোন: _____
ইমেইল: _____

হাই স্কুল এনরোলমেন্ট:
ফোন: (718) 935-2399
ইমেইল: HS_Enrollment@schools.nyc.gov

ফ্যামিলি ওয়েলকাম সেন্টার
http://schools.nyc.gov/ChoicesEnrollment/NewStudents/WelcomeCenters

আপডেটের জন্য গ্রাহক হন:

http://schools.nyc.gov/Subscribe

এনওয়াইসি ডিওই ওয়েবসাইট দেখুন:
হাই স্কুল এনরোলমেন্ট:
http://schools.nyc.gov/ChoicesEnrollment/High

হাই স্কুল ডিরেক্টরি:
http://schools.nyc.gov/ChoicesEnrollment/High/Resources

গ্র্যাজুয়েশনের শর্তাবলি:
http://schools.nyc.gov/RulesPolicies/GraduationRequirements

স্পেশাল এডুকেশন:
http://schools.nyc.gov/Academics/SpecialEducation

T&I-24400 6-7-8 Roadmap (Bengali)

NYC Department of Education
Bill de Blasio
Mayor
Carmen Fariña
Chancellor

৬ ৭ ৮

রোডম্যাপ: হাই স্কুলে উত্তরণ

৬-৭-৮ রোডম্যাপ মিডল স্কুলের শিক্ষার্থী ও তাদের পরিবারবর্গকে হাই স্কুল ও হাই স্কুলের ভর্তি প্রক্রিয়া সম্পর্কে পরিকল্পনা করতে সাহায্য করার জন্য পরিকল্পিত হয়েছে। সন্তানের অ্যাকাডেমিক অগ্রগতিলাভে সহায়তা করা এবং সন্তানের পাঠদান কর্মসূচি তাকে হাই স্কুল ও পরবর্তী জীবনের জন্য প্রস্তুত করছে এটি নিশ্চিত করার লক্ষ্যে পরিবার প্রতি বছর কী করতে পারেন এটি তার পথনির্দেশ জোগায়।

৬-৭-৮ রোডম্যাপ-এ অনুষ্ঠান, ডেডলাইন, এবং অন্যান্য রিসোর্সসহ হাই স্কুল ভর্তি প্রক্রিয়া সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য সন্নিবেশিত হয়েছে। ৬ষ্ঠ গ্রেডেই হাই স্কুল নিয়ে চিন্তাভাবনার শুরু মিডল স্কুল শিক্ষার্থীদের বিভিন্ন বিকল্প অনুসন্ধানের সুযোগ করে দেয়, যা তাদেরকে হাই স্কুলে, কলেজে এবং তাদের ভবিষ্যৎ পেশা জীবনে তাদের লক্ষ্যসমূহ পূরণে সহায়তা করে।

গ্রেড ৬
মিডল স্কুলে উত্তরণ

1. এলেমেন্টারি থেকে মিডল স্কুলে উত্তরণের বিষয়টি নিয়ে ভাবুন। কোন বিষয়টি সুসম্পন্ন হয়েছে? আপনি কী পরিবর্তন বা উন্নত করেছেন?
2. পিতামাতা/শিক্ষক অনুষ্ঠানগুলিতে অংশগ্রহণ করুন:
   - **বছরের শুরুতে** আপনার সন্তানের নতুন স্কুল, শিক্ষক ও কর্মচারীদের সাথে পরিচিত হওয়ার জন্য।
   - **বছরের শেষে** ৭ম গ্রেডের প্রত্যাশা সম্পর্কে আলোচনার জন্য।
3. আপনার সন্তানের শিক্ষক এবং/অথবা আইইপি টিমের সাথে মিলিত হন:
   - আপনার সন্তানের **শক্তি, আগ্রহ, চাহিদা এবং লক্ষ্যসমূহ শেয়ার করার জন্য**
   - আপনার সন্তান যেসব পাঠ ও পরিষেবা লাভ করে, কোন মূল্যায়নগুলিতে সে অংশ নেবে এবং আপনার সন্তানের পরবর্তী গ্রেডে উত্তরণ কীভাবে নিরূপিত হবে সেসব বিষয়ে প্রশ্ন করুন।
4. আপনার সন্তানের **আইইপি বৈঠকে:**
   - আপনার সন্তানের বিশেষ শিক্ষা কর্মসূচি/পরিষেবা কীভাবে আপনার সন্তানকে ৭ম গ্রেডের চ্যালেঞ্জ মোকাবেলায় সাহায্য করবে জিজ্ঞেস করুন।
   - ৭ম গ্রেডে বর্ধন ও অগ্রগতিতে সহায়তা এবং ৮ম গ্রেড ও হাই স্কুলের জন্য প্রস্তুতিদানে আপনার সন্তানের আইইপিতে কোনো পরিবর্তন দরকার হবে কিনা জিজ্ঞেস করুন।
5. আপনার সন্তানের যদি আইইপি থাকে, তাহলে আপনার সন্তানের অ্যাকাডেমিক কর্মসূচির সাথে আপনার সন্তানের কলেজ ও পেশা লক্ষ্যসমূহের সঙ্গতিসাধনের জন্য সহায়ক টুল 'লেভেল ১ ভোকেশনাল ইন্টারভিউ' পূরণ করুন।

গ্রেড ৭
হাই স্কুল নিয়ে চিন্তাভাবনা

1. আপনার সন্তানের শক্তি, আগ্রহ ও লক্ষ্যসমূহ নিয়ে গভীর চিন্তা এবং **আপনার সন্তান ভর্তি হতে আগ্রহী হতে পারে এমন ধরনের হাই স্কুল সম্পর্কে ভাবতে শুরু করুন।**
2. আপনার সন্তানের গৃহীত পাঠ ও পরিষেবা কীভাবে আপনার সন্তানকে হাই স্কুলের জন্য তৈরি করছে আলাপ করার উদ্দেশ্যে আপনার সন্তানের শিক্ষকদের সাথে মিলিত হন।
3. **নিউ ইয়র্ক সিটি হাই স্কুল ডিরেক্টরি**, দেখা শুরু করুন, যা আপনার সন্তানের স্কুলে বা অনলাইনে পাবেন।
4. হাই স্কুল বিকল্প, ভর্তি প্রক্রিয়া, এবং ভর্তির জন্য বিশেষ কোনো শর্ত থাকলে সেগুলি নিয়ে আপনার সন্তানের **গাইড্যান্স কাউন্সেলরের** সাথে কথা বলুন।
5. হাই স্কুল মেলা ও ভর্তি কর্মশালাগুলিতে অংশগ্রহণ করুন।
6. আপনার সন্তানের **বার্ষিক** আইইপি বৈঠকে:
   - আপনার সন্তানের বিশেষ শিক্ষা কর্মসূচি/পরিষেবা কীভাবে আপনার সন্তানকে ৮ম গ্রেডের চ্যালেঞ্জ মোকাবেলায় সাহায্য করবে জিজ্ঞেস করুন।
   - ৮ম গ্রেডে বর্ধন ও অগ্রগতিতে সহায়তা এবং ৮ম গ্রেড ও হাই স্কুলের জন্য প্রস্তুতিদানে আপনার সন্তানের আইইপিতে কোনো পরিবর্তন দরকার হবে কিনা জিজ্ঞেস করুন।
7. হাই স্কুল ভর্তি প্রক্রিয়া সম্পর্কে ভালো ধারণালাভ করার জন্য আপনার সন্তান ৮ম গ্রেড শুরু করার আগের গ্রীষ্মে **ফ্যামিলি ওয়ার্কশপগুলিতে** অংশগ্রহণ করুন।

গ্রেড ৮
হাই স্কুলে আবেদন

1. গত দুবছরে আপনার সন্তান যে অগ্রগতিসাধন করেছে তা নিয়ে গভীর চিন্তা এবং হাই স্কুলগুলি সম্পর্কে গবেষণা ও আপনার সন্তানের জন্য উত্তম মানানসই হতে পারে এমন **২০ থেকে ৩০টি কর্মসূচির একটি তালিকা** প্রস্তুত করার মাধ্যমে হাই স্কুল আবেদন প্রক্রিয়া শুরু করুন।
2. হাই স্কুল অ্যাপ্লিকেশন **অক্টোবরে বিতরণ করা হয়।** এগুলি **ডিসেম্বরে জমা দিতে হয়।** গুরুত্বপূর্ণ অনুষ্ঠান ও ডেডলাইন সম্পর্কে হালনাগাদ থাকতে আপনার সন্তানের স্কুলে জিজ্ঞেস করুন অথবা অনলাইনে খোঁজ নিন।
3. **তথ্য অধিবেশন, অডিশন, অথবা স্কুল-ভিত্তিক ভর্তি পরীক্ষা সংক্রান্ত ভর্তির বিশেষ শর্তাবলি সম্পর্কে জানতে হাই স্কুলগুলির সাথে যোগাযোগ করুন।** এসব তারিখ সংবলিত একটি সূচি তৈরি করুন।
4. সিটিওয়াইড এবং/অথবা বরো হাই স্কুল মেলায় অংশগ্রহণ করুন।
5. আপনার সন্তান যদি বিশেষায়িত হাই স্কুলে ভর্তি হতে আগ্রহী হয়, তাহলে তাকে **স্পেশালাইজড হাই স্কুল অ্যাডমিশন্স টেস্ট** (SHSAT) এবং/অথবা **লাগোর্ডিয়া হাই স্কুল অডিশনের জন্য নিবন্ধন করুন।**
6. **হাই স্কুল অ্যাপ্লিকেশন সম্পন্ন করুন।** আপনার সন্তানের শক্তি, আগ্রহ, চাহিদা ও লক্ষসমূহের নিরিখে **১২টি** কর্মসূচির যথাযথ অগ্রাধিকারক্রম তৈরি করুন।
7. আপনার সন্তানের **বার্ষিক আইইপি বৈঠকে:**
   - আপনার সন্তানকে তার লক্ষ্যসমূহ অর্জনে সহায়তা করবে এমন উত্তরণ পরিকল্পনা ও বিশেষ শিক্ষা কর্মসূচি/পরিষেবা সম্পর্কে প্রশ্ন করুন।
   - হাই স্কুল গ্র্যাজুয়েশনের শর্ত ও ডিপ্লোমার বিকল্পগুলি আলোচনা করুন।
8. জুনে ও গ্রীষ্মে **হাই স্কুল অরিয়েন্টেশ**সমূহ এবং/অথবা আপনার সন্তানের ভবিষ্যৎ হাই স্কুলের **তথ্য অধিবেশনে** অংশ নিন।